

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০১

তারিখ:-----  
পৌষ ২২, ১৪২৭  
জানুয়ারি ০৬, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সাভারের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত চামড়া শিল্প প্রতিষ্ঠানের ব্যাংক ঋণ পরিশোধে বিশেষ সুবিধা প্রদান প্রসঙ্গে।

সাভারের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত শিল্প প্রতিষ্ঠানসমূহ নিয়ন্ত্রণ বহির্ভূত বিভিন্ন কারণে ক্ষতিগ্রস্ত হওয়ায় অনেক ঋণ/বিনিয়োগ নিয়মিতভাবে পরিশোধিত না হওয়ায় তা বিরূপমানে শ্রেণীকৃত হয়ে পড়ছে। ফলে এ খাতে স্বাভাবিক ঋণ/বিনিয়োগ প্রবাহ বজায় রাখা অনেক ক্ষেত্রে সম্ভব হচ্ছে না। এ প্রেক্ষিতে, চামড়া শিল্পের অনিয়মিত ঋণ আদায়সহ তা হ্রাসকরণে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো :

০১। যে সকল চামড়া শিল্প প্রতিষ্ঠান এ ব্যবসা অব্যাহত রাখতে সমর্থ নয়, সে সকল প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত Exit Policy এর আওতায় ব্যাংকের ঋণ/বিনিয়োগ পরিশোধের সুযোগ প্রদান করা যাবে :

(ক) ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ ভিত্তিক ঋণ/বিনিয়োগ স্থিতির ন্যূনতম ২% অর্থ ডাউন পেমেন্ট হিসাবে নগদে আদায় সাপেক্ষে এ সার্কুলারের আওতায় Exit সুবিধা প্রদান করা যাবে;

(খ) ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ ভিত্তিতে যে সকল প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ স্থিতি ৫(পাঁচ) কোটি টাকা পর্যন্ত, সে সকল প্রতিষ্ঠানসমূহকে দায়-দেনা পরিশোধের জন্য সর্বোচ্চ ৩(তিন) বছর এবং যে সকল প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ স্থিতি ৫(পাঁচ) কোটি টাকার উর্ধ্বে, সে সকল প্রতিষ্ঠানসমূহকে দায়-দেনা পরিশোধের জন্য সর্বোচ্চ ৫(পাঁচ) বছর সময় প্রদান করা যাবে;

(গ) বিদ্যমান বিধি-বিধান ও আইন-কানুন পরিপালন সাপেক্ষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে স্থগিত সুদ হিসাবে রক্ষিত সুদ, অনারোপিত সুদ ও দন্ড সুদ মওকুফ বিষয়ে পর্যদ সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

(ঘ) কোন অবস্থাতেই আসল ঋণ/বিনিয়োগ মওকুফ করা যাবে না;

(ঙ) ব্যাংক গ্রাহকের সম্মতিক্রমে যৌথ উদ্যোগে জামানত হিসাবে রক্ষিত সম্পত্তি বিক্রয় করতে পারবে।

০২। চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত যে সকল শিল্প প্রতিষ্ঠান তাদের ব্যবসা অব্যাহত রাখবে, সে সকল প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ পুনর্গঠন/পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালাসমূহ অনুসরণীয় হবে :

(ক) ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ ভিত্তিক ঋণ/বিনিয়োগস্থিতির ন্যূনতম ২% অর্থ ডাউন পেমেন্ট হিসাবে নগদে আদায় সাপেক্ষে এ সার্কুলারের আওতায় পুনর্গঠন/পুনঃতফসিলি সুবিধা প্রদান করা যাবে;

(খ) এ প্রক্রিয়ায় সর্বোচ্চ ১(এক) বছরের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১০(দশ) বছর (১ বছর + ৯ বছর) মেয়াদে ঋণ/বিনিয়োগ পুনর্গঠন/পুনঃতফসিলি করা যেতে পারে;

(গ) বিদ্যমান বিধি-বিধান ও আইন-কানুন পরিপালন সাপেক্ষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে স্থগিত সুদ হিসাবে রক্ষিত সুদ, অনারোপিত সুদ ও দন্ড সুদ মওকুফ বিষয়ে পর্যদ সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

(ঘ) কোন অবস্থাতেই আসল ঋণ/বিনিয়োগ মওকুফ করা যাবে না।

০৩। পুনর্গঠনকৃত/পুনঃতফসিলিকৃত ঋণ/বিনিয়োগ স্থিতির (মওকুফ অবশিষ্ট) উপর সর্বোচ্চ ৯% হারে সুদ আরোপ করা যাবে।

০৪। ইতোপূর্বে চামড়া খাতের জন্য ঘোষিত বিভিন্ন নীতিমালার আওতায় যারা ঋণ পুনর্গঠন/পুনঃতফসিল/সুদ মওকুফ সুবিধা গ্রহণ করেছে, তারাও এ সার্কুলারের আওতায় সুবিধা পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হবে।

০৫। জাল-জালিয়াতি বা অন্য কোন ধরনের প্রতারণা/অনিয়মের মাধ্যমে সৃষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতার অনুকূলে এ সার্কুলারে বর্ণিত সুবিধা প্রদান করা যাবে না।

০৬। মওকুফকৃত সুদ পৃথক সুদবিহীন একাউন্টে স্থানান্তর করতে হবে। Exit বা পুনর্গঠন/পুনঃতফসিলের শর্ত মোতাবেক সম্পূর্ণ ঋণ পরিশোধ হবার পর পৃথক হিসাবে স্থানান্তরিত সুদ চূড়ান্ত মওকুফ হিসেবে বিবেচিত হবে।

০৭। রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের জন্য সুদ মওকুফের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংকিং অনুবিভাগ কর্তৃক ইস্যুকৃত স্মারক নং- অম/অবি/ব্যাংকিং/শাখা-১/বিবিধ-১০/২০০১-২০৭, তারিখঃ ২৯/০৬/২০০৬ ও স্মারক নং- অম/অবি/ব্যাংকিং/প্রশা-১/বিবিধ-১০/২০০১(অংশ-১)/৬৭, তারিখঃ ১২/০২/২০০৮ এর নির্দেশনা পরিপালনীয় হবে।

০৮। এ সার্কুলারের আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগ হিসাবসমূহের বিপরীতে আরোপিত সুদ প্রকৃত আদায় ব্যতিরেকে আয়খাতে স্থানান্তর করা যাবে না।

০৯। এ সার্কুলারে প্রদত্ত সুবিধা গ্রহণের পর নির্ধারিত ৬টি মাসিক কিস্তি/২টি ত্রৈমাসিক কিস্তি পরিশোধে গ্রাহক ব্যর্থ হলে এ সুবিধা বাতিল বলে গণ্য হবে।

১০। নির্ধারিত সময়ে ঋণ আদায় না হলে ঋণ শ্রেণীকরণ ও প্রভিশনিং এর প্রচলিত নিয়ম প্রযোজ্য হবে এবং ব্যাংক তার প্রচলিত নিয়মে ঋণ আদায় নিশ্চিত করবে।

১১। এ সার্কুলারের আওতায় Exit অথবা পুনর্গঠন/পুনঃতফসিল সুবিধা গ্রহণে ইচ্ছুক গ্রাহক নগদে ডাউন পেমেন্ট পরিশোধ সাপেক্ষে আগামী ৩১ মার্চ, ২০২১ তারিখের মধ্যে অর্থায়নকারী ব্যাংকের নিকট আবেদন করতে পারবে। এক্ষেত্রে ঋণ/বিনিয়োগ পরিশোধ বাবদ ইতোপূর্বে জমাকৃত অর্থ ডাউন পেমেন্ট হিসেবে বিবেচিত হবে না।

১২। যথাযথভাবে ডাউন পেমেন্ট পরিশোধ সাপেক্ষে এ সার্কুলারের আওতায় ঋণ/বিনিয়োগ পুনর্গঠন/পুনঃতফসিলিকরণ বা Exit সুবিধা চেয়ে কোন গ্রাহক আবেদন করলে, আবেদন প্রাপ্তির তারিখ হতে সর্বোচ্চ ৯০(নব্বই) দিনের মধ্যে গ্রাহকের আবেদনের বিষয়ে ব্যাংক সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৩। এ সার্কুলারের আওতায় সুবিধা গ্রহণের সময় সোলেনামার ভিত্তিতে চলমান মামলাসমূহ নিষ্পত্তি করা যেতে পারে। পরবর্তীতে কোন গ্রাহক প্রদত্ত সুবিধার কোন শর্ত ভঙ্গ করলে তার অনুকূলে প্রদত্ত সকল সুবিধা বাতিল বলে গণ্য হবে এবং গ্রাহকের বিরুদ্ধে স্থগিত মামলা পুনরুজ্জীবিত করতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫২